গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
শিল্পকলা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moca.gov.bd

নম্বর: ৪৩.০০.০০০০.১১৬.১৭.১৭৩.২৩.২৭২

তারিখ: ২০ ভাদ্র ১৪৩২
০৪ সেপ্টেম্বর ২০২৫

বিষয়ঃ ২০২৫-২৬ অর্থবছরে সাংস্কৃতিক ব্যক্তিত্ব/প্রতিষ্ঠানের অনুদান প্রদান কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে অনুসরণীয় নির্দেশাবলী।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় হতে ২০২৫-২৬ অর্থবছরে সাংস্কৃতিক ব্যক্তিত্ব/প্রতিষ্ঠানের অনুদান প্রদান কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করে জাতীয় দু'টি পত্রিকায় **(আমার দেশ ও যুগান্তর পত্রিকায় ০৪/০৯/২০২৫ খ্রি. তারিখ)** বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। চলতি ২০২৫-২৬ অর্থবছরে সাংস্কৃতিক ব্যক্তিত্ব/প্রতিষ্ঠানকে অনুদান প্রাপ্তির জন্য নির্ধারিত ফরমে ঢাকা মহানগরীর ক্ষেত্রে বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক বরাবর এবং অন্যান্য জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক বরাবর **আগামী ১২/১০/২০২৫ খ্রি. তারিখের মধ্যে** আবেদন করতে হবে।

০২। সাংস্কৃতিক ব্যক্তিত্ব/প্রতিষ্ঠানের ক্ষেত্রে যে সকল সাংস্কৃতিক ব্যক্তিত্ব/প্রতিষ্ঠান গত অর্থবছরে অনুদান পেয়েছে সে সকল সাংস্কৃতিক ব্যক্তিত্ব/প্রতিষ্ঠান ২০২৫-২৬ অর্থবছরে অনুদান প্রাপ্তির জন্য আবেদন করলে সাংস্কৃতিক কার্যক্রম চলমান সংক্রান্ত তথ্যাদি কমিটি কর্তৃক যাচাই-বাছাইপূর্বক পৃথক তালিকায় এবং ২০২৫-২৬ অর্থবছরে অনুদান প্রত্যাশী নতুন সাংস্কৃতিক ব্যক্তিত্ব/প্রতিষ্ঠানের (গত অর্থবছরে অনুদান পায়নি) আবেদন একই পদ্ধতিতে যাচাই-বাছাইপূর্বক সর্বোচ্চ ২০টি নতুন আবেদন প্রয়োজনীয় কাগজপত্রসহ জাতীয় কমিটির বিবেচনার নিমিত্ত **আগামী ১০/১১/২০২৫ খ্রি. তারিখের মধ্যে** সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

০৩। উল্লেখ্য, আবেদনকারী সাংস্কৃতিক ব্যক্তিত্ব/প্রতিষ্ঠান এর তথ্যাবলী নির্ধারিত ফরমে (ফরম মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.moca.gov.bd এ পাওয়া যাবে) অবশ্যই NikoshBAN Font-এ টাইপ করে Microsoft Office Word Document File আকারে sas7@moca.gov.bd এই ঠিকানায় E-mail এ এবং Soft Copy CD আকারে সংশ্লিষ্ট কাগজপত্রসহ সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় (দৃ: আ: উপসচিব (শিল্পকলা শাখা), কক্ষ নম্বর-১০০৬, তলা-১১, ভবন নম্বর-৬) বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর **আগামী ১০/১১/২০২৫ খ্রি. তারিখের মধ্যে** পৌঁছাতে হবে।

০৪। চলতি ২০২৫-২৬ অর্থবছরে সাংস্কৃতিক ব্যক্তিত্ব/প্রতিষ্ঠানের অনুদান প্রদান কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে বিজ্ঞপ্তিতে প্রকাশিত শর্তাবলী এবং নির্দেশাবলী অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বা:
(আয়েশা সিদ্দিকা)
উপসচিব
ফোন: ৫৫১০০২৯০
ই :মেইল-sas7@moca.gov.bd

১। মহাপরিচালক
বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।

২। জেলা প্রশাসক,...................................।

৩। কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি,..................................।

নম্বর: ৪৩.০০.০০০০.১১৬.১৭.১৭৩.২৩.২৭২

তারিখ: ০৪ সেপ্টেম্বর ২০২৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. উপদেষ্টার একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
২. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বর্ণিত পত্রটি মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, দেশের সকল জেলা প্রশাসকের কার্যালয় এবং সকল জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি বরাবর ই-মেইলে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)
৪. অতিরিক্ত সচিব (বাজেট ও শিল্পকলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. যুগ্মসচিব (বাজেট ও শিল্পকলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অফিস কপি/গার্ড ফাইল।

০৪|০৯|২০২৫
(আয়েশা সিদ্দিকা)
উপসচিব